

# শিশু নির্যাতনে চালু হল হেল্পাইন

আজকালের প্রতিবেদন

---

শিশুদের ওপর ঘৌননিধি হের ঘটনা ঘটলেই এবার থেকে সরাসরি হোয়াটসঅ্যাপে অভিযোগ জানানো যাবে। পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা আয়োগের উদ্যোগে চালু হল হেল্পাইন নম্বর। যেখানে চবিশ ঘণ্টাই অভিযোগ দাখিল করা যাবে। হোয়াটসঅ্যাপ নম্বরটি হল ৯৮৩৬৩-০০৩০০। এটি কার্যকর হবে ১০ সেপ্টেম্বর, সোমবার থেকে। শনিবার বহরমপুরে বাল্যবিবাহ ও পসকো আইন নিয়ে আয়োগের উদ্যোগে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানেই হেল্পাইন পরিষেবার কথা ঘোষণা করেন রাজ্যের নারী, শিশু ও সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী ডাঃ শশী পাঁজা। রাজ্যের যে কোনও প্রান্তে কোনও শিশুর ওপর শারীরিক, মানসিক নির্যাতন করলে, জোর করে বিয়ে দিলে, ঘৌন হেনস্থার মতো জঘন্য ঘটনা ঘটলে, পসকো আইন লজ্জন করলেই তৎক্ষণাত্মে আয়োগের অফিসে না এসে হেল্পাইন নম্বরে অভিযোগ জানালেই তা গৃহীত হবে।